

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক হারুন-অর-রশিদ বলেছেন, এ বিশ্ববিদ্যালয়ের এক সময়কার অভিশাপ সেশনজট আর নেই। ইমেজ সংকটও নেই। কিছুদিন আগে এটিকে শিক্ষা বোর্ড হিসেবে দেখা হতো। আমরা বিশ্ববিদ্যালয়কে নিয়ম-নীতি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে 'দুষ্টের দমন ও শিষ্টের পালন' নীতি অনুসরণ এবং নানা ইতিবাচক পদক্ষেপের মাধ্যমে 'শিক্ষা বোর্ডের' ইমেজ থেকে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত করতে সমর্থ হয়েছি।

সোমবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে উপাচার্য হিসেবে দুই মেয়াদ পূর্তি উপলক্ষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি। এ সময় বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থাসহ বিভিন্ন ক্ষেত্রে যে বৈপ্লবিক উন্নতি হয়েছে, তা অব্যাহত রাখার আহ্বান জানান তিনি।

উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশের উপাচার্য অধ্যাপক মুনাজ আহমেদ নূর, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মশিউর রহমান, স্নাতকপূর্ব স্কুলের ডিন অধ্যাপক নাসির উদ্দিন, কলেজ পরিদর্শক অধ্যাপক ড. মনিরুজ্জামান, পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান, জনসংযোগ দপ্তরের পরিচালক ফয়জুল করিম প্রমুখ।